

সারস-কোভ-২ এ আক্রান্তের ঘটনাসমূহ পরিচালন পদ্ধতি

১/২০২২ নং আইনগত ডিক্রি ও ১১/২০২২ নং সরকারী
বিজ্ঞপ্তি মোতাবেক বিধানগুলি স্কুলের গ্রেডের ভিত্তিতে
পৃথক

(স্কুলের প্রতিটি ক্রম ও গ্রেডের পজিটিভ ঘটনাসমূহ সনাক্ত ও নিয়ন্ত্রন)

কিন্ডার গার্টেন স্কুল/স্কুওলা
দেল ইনফানৎছিয়া

১জন শিক্ষার্থী পজিটিভ হলে

শিক্ষার্থীবৃন্দ


শিক্ষা কার্যক্রম = ১০ দিনের জন্য স্থগিত করা হবে

স্যানিটারি পদক্ষেপ = ১০ দিনের কোয়ারেন্টাইন শেষে টেস্ট করতে হবে
(অ্যান্টিজেনিক বা মোলেকিউলার টেস্টের নেগেটিভ রিপোর্টসহ)

*স্কুল স্টাফ (স্কুলের বাইরে হলেও)

ঘটনার সূত্রপাতের ৪৮ ঘণ্টা আগে যদি ন্যূনতম ৪ ঘণ্টার জন্য পজিটিভ কোন
শিক্ষার্থীর উপস্থিতি (সেটি অবিচ্ছিন্ন না হলেও) সনাক্ত করা হয়, তবে উক্ত
সেকশন/গ্রুপের উপস্থিতিতে কার্যক্রম পরিচালনা করতে হবে। এক্ষেত্রে স্বাস্থ্য
মন্ত্রণালয়ের প্রত্যক্ষ সংস্পর্শ*** বিষয়ক ০০৬০১৩৬-৩০/১২/২০২১ নং বিজ্ঞপ্তিটি
প্রযোজ্য। যেকোন ক্ষেত্রে, স্ব-তত্ত্বাবধানে থাকা কর্মীদের টি০ ও টি৫ ডায়াগনস্টিক
পরীক্ষাগুলো সম্পাদন করার সুপারিশ করা যাচ্ছে।

১জন পজিটিভ হলে



প্রাইমারী স্কুল

শিক্ষার্থীবৃন্দ

শিক্ষা কার্যক্রম : উপস্থিতির মাধ্যমে সম্পন্ন হবে।

কমপক্ষে ২ মিটার আন্তঃব্যক্তিক দূরত্ব বজায় রেখে খাবার গ্রহণ করতে হবে

স্যানিটারি পদক্ষেপ : পজিটিভের বিষয়টি অবগত হওয়ার সাথে সাথে (টি০) দ্রুত অ্যান্টিজেনিক বা মোলেকিউলার টেস্ট সম্পন্ন করতে হবে ও পাঁচ দিন পর পুনরায় টেস্ট করাতে হবে(টি৫)। যদি টেস্টের (টি০) এর রিপোর্ট নেগেটিভ হয় তাহলে স্কুলে পুনঃপ্রবেশ করা যাবে। অপরদিকে যদি রিপোর্ট পজিটিভ হয়, তাহলে যথাযথ স্বাস্থ্য কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং স্কুলে পুনঃপ্রবেশ করা যাবে না। টি৫ এর রিপোর্ট পজিটিভ হলেও একই নিয়ম প্রযোজ্য হবে।

শিক্ষার্থীবৃন্দ


শিক্ষা কার্যক্রম : উপস্থিতির মাধ্যমে শিক্ষা কার্যক্রম স্থগিত করা হবে, দশ (১০) দিনের জন্য দূর হতে শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে

স্যানিটারি পদক্ষেপ : ১০ দিনের কোয়ারেন্টাইন শেষে টেস্ট করতে হবে - অ্যান্টিজেনিক বা মোলেকিউলার টেস্ট - নেগেটিভ রিপোর্ট আবশ্যিক

*স্কুল স্টাফ (স্কুলের বাইরে হলেও)

মাধ্যমিক স্কুল

১ জন পজটিভ হলে




শিক্ষার্থীবৃন্দ

শিক্ষা কার্যক্রম: উপস্থিতির মাধ্যমে পরিচালিত হবে, শ্বাসতন্ত্রের সুরক্ষার জন্য অন্তত দশ দিন এফএফপি২ মাস্ক বাধ্যতামূলকভাবে ব্যবহার করতে হবে, খাবার গ্রহণের সময় অন্তত দুই মিটার আন্তঃব্যক্তিক দূরত্ব রক্ষা করতে হবে।

স্যানিটারি পদক্ষেপ : স্বীয় পর্যবেক্ষণ

২ জন পজটিভ হলে



শিক্ষার্থীবৃন্দ

A) যেসমস্ত শিক্ষার্থী টিকাদানের প্রাথমিক কোর্স সম্পন্ন করেনি বা সম্পন্ন করার ১২০ দিনের অধিক সময় অতিবাহিত হয়েছে বা যাদের সুস্থতা লাভের পর ১২০ দিনের বেশি সময় অতিক্রান্ত হয়েছে এবং যাদের এখনো বুস্টার ডোজ নেয়া হয়নি তাদের জন্য নিম্নোক্ত নিয়ম প্রযোজ্য :

শিক্ষা কার্যক্রম : উপস্থিতির মাধ্যমে শ্রেণী কার্যক্রম স্থগিত করা হবে, দশদিনের জন্য সমন্বিত ডিজিটাল শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে;

স্যানিটারি পদক্ষেপ : ১০ দিনের কোয়ারেন্টাইন শেষে টেস্ট করতে হবে - অ্যান্টিজেনিক বা মোলেকিউলার টেস্ট - নেগেটিভ রিপোর্ট আবশ্যিক

B) যেসব শিক্ষার্থী টিকাদানের প্রাথমিক কোর্স** সম্পন্ন করেছে, বা সুস্থতা লাভের পর একশ বিশ দিন এখনো অতিবাহিত হয়নি ও যাদের বুস্টার ডোজ সম্পন্ন হয়েছে, তাদের জন্য নিম্নলিখিত নিয়ম প্রযোজ্য হবে :

শিক্ষা কার্যক্রম: উপস্থিতির মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে, শ্বাসতন্ত্রের সুরক্ষার জন্য অন্তত দশ দিন এফএফপি২ মাস্ক বাধ্যতামূলকভাবে ব্যবহার করতে হবে, খাবার গ্রহণের সময় অন্তত দুই মিটার আন্তঃব্যক্তিক দূরত্ব রক্ষা করতে হবে

স্যানিটারি পদক্ষেপ : স্বীয় পর্যবেক্ষণ

৩ জন পজটিভ হলে

শিক্ষার্থীবৃন্দ

শিক্ষা কার্যক্রম: উপস্থিতির মাধ্যমে শিক্ষা কার্যক্রম স্থগিত করা হবে, দশ (১০) দিনের জন্য দূর হতে শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে

স্যানিটারি পদক্ষেপ : এক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয়ের ০০৬০১৩৬-৩০/১২/২০২১ নং বিজ্ঞপ্তিটি প্রত্যক্ষ সংস্পর্শকারীদের জন্য আজল কর্তৃক প্রযোজ্য হবে।

*স্কুল স্টাফ (স্কুলের বাইরে হলেও)